# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 26-04-2024

***Time: 19:45-19:55 Hrs***

---------------------------------------

(১) লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ে আজ বারোটি রাজ্য ও একটি কেন্দ্রশাসিত অঞ্চলের ৮৮ টি আসনের জন্য ভোটগ্রহণ শান্তিপূর্ণভাবে সম্পন্ন/ বিকেল পাঁচটা পর্যন্ত ৬৫ শতাংশেরও বেশি ভোটদানের খবর/

(২) বরাক উপত্যকার শিলচর ও করিমগঞ্জ আসন সহ রাজ্যের পাঁচটি লোকসভা আসনে আজ দ্বিতীয় পর্যায়ের ভোটগ্রহণ শান্তিপূর্ণভাবে সম্পন্ন/ এপর্যন্ত পাওয়া খবর অনুযায়ী শিলচর আসনে ৬৫ শতাংশেরও বেশি এবং করিমগঞ্জ আসনে ৭১ শতাংশেরও বেশি ভোটদান/

(৩) ভি ভি প্যাট স্লিপের সঙ্গে ই ভি এম'এর মাধ্যমে ভোটদানের একশো শতাংশ ভোটের সত্যতা নিরূপণের জন্য অনুরোধ জানিয়ে দাখিল করা আবেদন সুপ্রীমকোর্টের দ্বারা অগ্রাহ্য/

এবং

(৪) শিলচর-লামডিং রেলপথের জাটিঙ্গা-লামপুর ও নিউ হারেঙ্গাজাও স্টেশনের মধ্যে গতকাল একটি মালবাহী ট্রেন লাইনচ্যুত হয়ে ব্যহত হওয়া ট্রেন চলাচল আজ বিকেলে পুনরায় শুরু/

---

লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ে আজ দেশের বারোটি রাজ্য ও একটি কেন্দ্রশাসিত অঞ্চলের ৮৮ টি আসনে ভোটগ্রহণ সম্পন্ন হয়েছে। আজ বিকেল পাঁচটা পর্যন্ত জাতীয় পর্যায়ে সামগ্রিকভাবে ৬৫ শতাংশেরও বেশি ভোটদানের খবর পাওয়া গেছে । আউটার মণিপুর লোকসভা আসনের বাকি অংশের জন্যেও আজ ভোট নেওয়া হয়েছে । আজ আসামের পাঁচটি, মণিপুর, ত্রিপুরা ও জম্মু কাশ্মীরের একটি করে, বিহারের পাঁচটি, কেরালার কুড়িটি, কর্ণাটকের ১৪টি, রাজস্থানের ১৩ টি, উত্তর প্রদেশ ও মহারাষ্ট্রের আটটি করে, মধ্যপ্রদেশের ছ'টি, পশ্চিমবঙ্গ ও ছত্তিসগড়ের তিনটি করে আসনে আজ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে ।

ত্রিপুরায় সর্বাধিক ৭৭ শতাংশেরও বেশি, মণিপুরে ৭৬ শতাংশেরও বেশি এবং পশ্চিমবঙ্গে ৭১ দশমিক ৮-৪ শতাংশ ভোটদাতা তাদের ভোটাধিকার সাব্যস্ত করেছেন । এদিকে উত্তর প্রদেশে সর্বনিম্ন ৫২ দশমিক ৭-৪ শতাংশ ভোটদাতা তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন ।

দ্বিতীয় পর্যায়ে আজ মোট এক হাজার ২০২ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্দ্ধারণ হয়েছে । আজকের এই ভোটগ্রহণ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য এক লক্ষ ৬৭ হাজার ভোটগ্রহণ কেন্দ্র এবং ষোল লক্ষেরও বেশি নির্বাচনী আধিকারিক ও কর্মচারীদের নিয়োজিত করা হয়েছিল । এই পর্যায়ের নির্বাচনে যেসব প্রথম সারির নেতার রাজনৈতিক ভাগ্য নির্দ্ধারণ করা হয়েছে তাদের মধ্যে রয়েছেন- কংগ্রেসের রাহুল গান্ধী, সি পি আই'এর এ্যানি রাজা, কেন্দ্রীয় মন্ত্রী রাজীব চন্দ্রশেখর, কংগ্রেস নেতা শশী থারুর, বিজেপির তেজস্বী সূর্য, হেমামালিনী প্রমুখ ।

---

রাজ্যের পাঁচটি লোকসভা আসনে দ্বিতীয় পর্যায়ের নির্বাচনে আজ শান্তিপূর্ণভাবে ভোটগ্রহণ সম্পন্ন হয়েছে । আজ বিকেল পাঁচটা পর্যন্ত পাওয়া খবর অনুযায়ী রাজ্যে ৭০ শতাংশেরও বেশি ভোটদান হয়েছে । আজ সকাল সাতটা থেকে ভোটগ্রহণ শুরু হয়েছে । এবং শেষ হয়েছে বিকেল পাঁচটায় । তবে বিকেল পাঁচটার মধ্যে ভোটগ্রহণ কেন্দ্রের সামনে দাঁড়িয়ে থাকা ভোটারদের ভোটদানের

সুবিধা প্রদান করা হয়েছে । আজ বরাক উপত্যকার দুটি আসন- শিলচর ও করিমগঞ্জ সহ দরং-উদালগুড়ি, নগাঁও এবং ডিফু আসনে ভোট নেওয়া হয়েছে । এই পাঁচটি লোকসভা আসনে শান্তিপূর্ণভাবে ভোটগ্রহণ সম্পন্ন হয়েছে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন । দ্বিতীয় পর্যায়ে রাজ্যে দুজন মহিলা প্রার্থী সহ মোট ৬১ জন প্রার্থী নির্বাচনী আসরে রয়েছেন । এরমধ্যে করিমগঞ্জে সর্বাধিক ২৪জন, শিলচরে আটজন, ডিফুতে পাঁচজন, নগাঁওতে ১৩ জন এবং দরং-উদালগুড়িতে ১১ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন ।

এপর্যন্ত পাওয়া খবর অনুযায়ী- শিলচর তপশিলী সংরক্ষিত আসনে ৬৫ শতাংশ, করিমগঞ্জ আসনে ৭১ শতাংশেরও বেশি, দরং-উদালগুড়ি আসনে ৭৩ শতাংশ, ডিফুতে প্রায় ৬৯ শতাংশ এবং নগাঁও আসনে ৭১ দশমিক ৮-৪ শতাংশ ভোট পড়ার খবর পাওয়া গেছে । শিলচর আসনে বিজেপি মিত্রজোট প্রার্থী রাজ্যের বর্তমান মন্ত্রী পরিমল শুক্লবৈদ্য, তৃণমূল কংগ্রেস প্রার্থী রাধেশ্যাম বিশ্বাস এবং ভারতীয় জাতীয় কংগ্রেস প্রার্থী সূর্যকান্ত সরকার প্রতিদ্বন্দিতা করেছেন । শিলচর আসনের বিজেপি প্রার্থী পরিমল শুক্লবৈদ্য আজ সকালে ধলাই বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ভোটগ্রহণ কেন্দ্রে আজ তার ভোটাধিকার প্রয়োগ করেছেন ।

করিমগঞ্জ আসনে বিজেপি মিত্রজোটের প্রার্থী বর্তমান সাংসদ কৃপানাথ মালাহ্, কংগ্রেসের হাফিজ রশিদ আহমেদ চৌধুরী এবং এ আই ইউ ডি এফ'এর প্রার্থী সাহাবুল ইসলাম চৌধুরী প্রতিদ্বন্দিতা করেছেন । এই আসনের বিজেপি প্রার্থী শ্রী মালাহ্ আজ গঙ্গারাম হিন্দি বিদ্যালয় ভোটগ্রহণ কেন্দ্রে গিয়ে তার গণতান্ত্রিক অধিকার সাব্যস্ত করেছেন ।

এদিকে নগাঁও আসনের বিজেপি মিত্রজোটের প্রার্থী সুরেশ বরা, কংগ্রেস দলের প্রদ্যুৎ বরদলৈ এবং এ আই ইউ ডি এফ'এর আমিনুল ইসলাম প্রতিদ্বন্দিতা করেছেন । তপশিলি উপজাতিদের জন্য সংরক্ষিত ডিফু আসনে বিজেপি মিত্রজোটের প্রার্থী অমর সিং টিশো, কংগ্রেসের জয়রাম ইংলেং এবং গণসুরক্ষা পার্টির জন বার্নার্ড সাংমা প্রতিদ্বন্দিতার আসরে রয়েছেন । দরং-উদালগুড়ি আসনে এন ডি এ প্রার্থী ও সাংসদ দিলীপ শইকিয়া, কংগ্রেসের মাধব রাজবংশী এবং বি পি এফ'এর দুর্গাদাস বড়ো প্রতিদ্বন্দিতায় রয়েছেন ।

বরাক উপত্যকার দুটি লোকসভা আসন শিলচর ও করিমগঞ্জে আজ শান্তিপূর্নভাবে ভোটদান পর্ব শেষ হয়েছে । এপর্য্যন্ত কোনো স্থান থেকে কোনও অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি । শিলচর লোকসভা আসনে আজ সন্ধ্যা পাঁচটা পর্য্যন্ত পাওয়া খবর অনুযায়ী ৬৫ দশমিক ৫-৭ শতাংশ ভোট পড়ার খবর পাওয়া গেছে । এরমধ্যে শিলচর বিধানসভা কেন্দ্রে ৬৩ দশমিক ৯ শতাংশ , সোনাই বিধানসভা কেন্দ্রে ৭০ দশমিক ০-১ শতাংশ , ধলাই বিধানসভা কেন্দ্রে ৬৪ দশমিক ২-০ শতাংশ , বড়খলা বিধানসভা কেন্দ্রে ৭০ দশমিক ২-০ শতাংশ , কাটিগড়া বিধানসভা কেন্দ্রে ৬৪ দশমিক ২-১ শতাংশ , উধারবন্দ বিধানসভা কেন্দ্রে ৬৩ দশমিক ৮-০ শতাংশ এবং লক্ষীপুর বিধানসভা কেন্দ্রে ৬২ দশমিক ৪-৫ শতাংশ ভোট পড়েছে বলে সরকারী সূত্রে জানানো হয়েছে । তবে ভোট পড়ার হার আরো বাড়তে পারে বলে জানানো হয়েছে ।

এদিকে করিমগঞ্জ লোকসভা আসনে আজ সন্ধ্যা সাতটা পর্য্যন্ত পাওয়া খবর অনুযায়ী প্রায় ৭১ দশমিক ১-২ শতাংশ ভোট পড়েছে । এরমধ্যে উত্তর করিমগঞ্জ বিধানসভা আসনে ৭৩ শতাংশ , দক্ষিণ করিমগঞ্জ বিধানসভা আসনে ৭৬ শতাংশ , পাথারকান্দি বিধানসভা আসনে ৭২ শতাংশ , রামকৃষ্ণনগর বিধানসভা আসনে ৭০ শতাংশ , হাইলাকান্দি বিধানসভা আসনে ৬৬ দশমিক ৩-৫ শতাংশ এবং আলগাপুর-কাটলিছড়া আসনে ৬৮ দশমিক৩-৬ শতাংশ ভোট পড়েছে ।

---

ত্রিপুরা পূর্ব (উপজাতি) সংরক্ষিত লোকসভা আসনের নির্বাচনে আজ সন্ধ্যা পাঁচটা পর্য্যন্ত ৭৯ দশমিক ৫-৫ শতাংশ ভোট পড়েছে । ৩০টি বিধানসভা নিয়ে গঠিত পূর্ব ত্রিপুরা (উপজাতি) সংরক্ষিত লোকসভা আসনের খোয়াই বিধানসভায় সর্বোচ্চ ৮৫ দশমিক ৪-৩ শতাংশ এবং অমপি নগর বিধানসভা কেন্দ্রে সর্ব নিম্ন ৬৮ দশমিক৫-৩ শতাংশ ভোট পড়েছে ।

---

সুপ্রীম কোর্ট ভি ভি পেট শ্লিপের সংগে ই ভি এম এর মাধ্যমে হোয়া ভোটদানের ১০০ শতাংশ ভোটের সত্যতা নিরুপণের জন্য অনুরোধ জানিয়ে দাখিল করা বেশ কয়েকটি আবেদন অগ্রাহ্য করেছে । উল্লেখ্য বিচারপতি সঞ্জীব খান্না ও বিচারপতি দীপাংক দত্তকে নিয়ে গঠিত এক বিচারপীঠ গত ১৮ ই এপ্রিল দুদিনব্যাপী ব্যাপক শুনানির পর গনতান্ত্রিক সংস্কার সংস্থা সহ বিভিন্ন পক্ষের দাখিল করা বেশ কয়েকটি আবেদন সম্পর্কে রায় স্থগিত রেখেছিল । ১৮ এপ্রিল বিষয়টির শুনানি সম্পন্ন হোয়ার পর ২৪ শে এপ্রিল রায়দান স্থগিত রাখা হয়েছিল ।গত ২৪ এপ্রিল আদালত রায়দান স্থগিত রাখে ও কিছু গুরুত্বপূর্ন বিষয় সম্পর্কে নির্বাচন কমিশনের কাছ থেকে অধিক স্পষ্টীকরণ চেয়েছিল । শুনানির সময় বিচারপীঠ ই ভি এম ও ভি ভিপেটের কাজ ও এর সুরক্ষা  ব্যবস্থাকে নিয়ে নির্বাচন কমিশন কয়েকটি প্রশ্ন জিজ্ঞেস করেছিল । বিচারপতি খান্না নিয়ন্ত্রণ গোষ্ঠী অথবা ভি ভিপেটে মাইক্রু কন্ট্রোলার স্থাপন করা রয়েছে  না নেই সেকথা স্পষ্ট  করতে নির্বাচন কমিশনকে নির্দেশ দেন ।বিচারপতি  খান্না ও বিচারপতি দত্ত আজ বিষয়টি সম্পর্কে পথৃকভাবে রায়দান করেন ।

---------------------------------------------------------------------------

এদিকে রাজ্যে তৃতীয় পর্যায়ে আগামী সাতই মে অনুষ্ঠেয় তৃতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য প্রচার অভিযান ক্রমশঃ জোরদার হচ্ছে । বিজেপি নেতা তথা রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ পশ্চিম গোয়ালপাড়ায় গুয়াহাটি আসনের দলীয় প্রার্থী বিজুলী কলিতা মেধীর হয়ে নির্বাচনী প্রচার চালান । ডঃ শর্মা ডাবল ইঞ্জিন সরকারের বিভিন্ন কল্যাণমূলক প্রকল্প সম্পর্কে স্থানীয় জনসাধারণের সঙ্গে কথা বলেন । মুখ্যমন্ত্রী চলতি বছরে রাজ্যসরকার পুনরায় ৫০ হাজার বেকারের কর্মসংস্থানের ব্যবস্থা করবে বলে তিনি প্রতিশ্রুতি দিয়েছেন । তিনি বড়পেটা লোকসভা আসনের জন্যেও নির্বাচনী প্রচারে অংশ নেন । এই আসনে বিজেপি মিত্রজোটের প্রার্থী ফনীভূষণ চৌধুরীর হয়ে অভয়াপুরীতে আয়োজিত নির্বাচনী জনসভায় অংশ নেন । কংগ্রেস নেতা গৌরব গগৈ এবং অসম জাতীয় পরিষদের সভাপতি লুরীনজ্যোতি গগৈ আজ

দুধনৈ'তে গুয়াহাটি লোকসভা আসনের কংগ্রেস নেতৃত্বাধীন বিরোধী ঐক্যমঞ্চের মনোনীত প্রার্থী মীরা বরঠাকুর গোস্বামীর সমর্থনে প্রচার চালিয়েছেন ।

---------------------------------------------------------------------

ভারতীয় জাতীয় কংগ্রেসের কেন্দ্রীয় সভাপতি মল্লিকাজুন খাড়গে আগামীকাল বরপেটা আসনের দলীয় প্রার্থী  দ্বীপ বায়নের সমর্থনে একটি প্রচার সভায় অংশ গ্রহনের জন্য আসামে আসবেন ।বরপেটা   লোকসভা আসনের আর্ন্তগত ভবানীপুর সরভোগের ফুলগুরিতে আয়োজিত এই নির্বাচনী সভায় দলের জাতীয় সভাপতি অংশ গ্রহণ করার আগে আজ প্রদেশ কংগ্রেসের  সভাপতি ভূপেব বরা এক সাংবাদিক সম্মেলনে অংশ গ্রহন করে কথাবার্তা বলেন ।উল্লেখ্য আগামীকালের এই সভায়  দলীয় নেতা দেবব্রত শ ই কীয়া গৌরব গগৈ সহ বহু প্রবীন নেতা উপস্থিত থাকবেন ।

---------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেলের আওতাধীন জাটিংগা - লামপুর ও নিউ হারাংগাজাও রেল ষ্টেশনের মধ্যে একটি মালবাহী রেলগাড়ীর ইঞ্জিন গতকাল লাইনচ্যুত হোয়ার পরিপ্রেক্ষিতে গতরাত থেকে যে রেল চলাচল বন্ধ ছিল তা আজ পুনরায় শুরু হয়েছে । শিলচর রেলষ্টেশন সূত্রে জানানো হয়েছে যে আজ কাঞ্চনজংঘা এক্সপ্রেস সকাল সাড়ে এগারোটার পরিবর্তে বিকেল ৫  টা ১০ মিনিটে শিলচর ষ্টেশন থেকে যাত্রা শুরু করেছে । এ ছাড়া দিল্লী থেকে শিলচর অভিমুখী যাত্রা করা  তেজস  এক্সপ্রেস ট্রেন সহ অন্য আরেকটি ট্রেনকে ও এই পথে ফিরে আসার সবুজ সংকেত দেওয়া হয়েছে ।  ।এদিকে আজ শিলচর থেকে শিলচর - রঙিয়া যে ট্রেনটি রাত ১০ টা ৪০ মিনিটে যাত্রা করার কথা ছিল তা বাতিল করা হয়েচে । আগামীকালের গৌহাটী - শিলচর এক্সপ্রেস ও আগামী রবিবারের শিলচর - রঙিয়া এক্সপ্রেসের যাত্রা বাতিল করা হয়েছে । অন্যদিকে আগরতলা থেকে ব্যাংগালুরু গামী হামসফর এক্সপ্রেস ট্রেনটি আগামীকাল নির্ধারিত সকাল সাড়ে পাঁচটার পরিবর্তে বিকেল তিনটেয় ছাড়বে ।

---------------------------------------------------------------------